বেলারুশের ফুটবল ক্লাব ডায়নামো ব্রেস্টের চেয়ারম্যান হলেন দিয়েগো মারাদোনা।

মাঠে - ময়দানে

সাউথ আফ্রিকা কনস্বোল টুর্নামেন্টে অ্যাটলেটিকো জুনিয়রকে ১-০ গোলে হাবাল লানুস।

শিল্ড হাতছাড়া করতে নারাজ ইস্টবেঙ্গল কোচ রঞ্জন চৌধুরী

স্টাফ রিপোর্টার: অনূর্ধ্ব ১৯ আই লিগে চ্যাম্পিয়ন খেতাব হাতছাড়া ইস্টবেঙ্গলের। তাই শিল্ড হাতছাড়া করতে কিছুতেই রাজি নন লাল-হলুদ কোচ রঞ্জন চৌধুরী। সামনে প্রতিপক্ষ মোহনবাগান। ২০০৩ সালের পর ২০১৮। দীর্ঘ ১৫ বছর পর শতাব্দী প্রাচীন শিল্ড ফাইনালে ইস্ট বেঙ্গল - মোহনবাগান মুখোমুখি। ১৫ বছর পর শিল্ড ফাইনালে মোহনবাগানকে হারিয়ে খেতাব জয় করেছিল লাল-হলুদ শিবির। এবারও খেতাব জয়ই লক্ষ্য লেসলি ক্লডিয়াস সরণির ক্লাবটির। শিল্ডের শুরু থেকেই বেশ ভাল ফর্মে রয়েছে রঞ্জন চৌধুরীর দল। গ্রুপ লিগের ৩টি ম্যাচে অনায়াসে জয়ের পর সেমিফাইনালেও ইস্টবেঙ্গল ছিল অপ্রতিরোধ্য। ফাইনালে ওঠার লড়াইয়ে ইস্টবেঙ্গল সহজেই ৪-১ গোলে হারায় টাটা ফুটবল অ্যাকাডেমিকে। টিএফ-এর বিরুদ্ধে পারফরম্যান্স তুলে ধরে প্রতিপক্ষ মোহনবাগানের বিরুদ্ধে বাজিমাত করাই লক্ষ্য লাল-হলুদ কোচের। ঠিক ৬ বছর আগে অর্থাৎ ২০১২-র মরশুমে প্রয়াগ ইউনাইটেডকে হারিয়ে শেষবার শিল্ড চ্যাম্পিয়ন হয়েছিল ইস্টবেঙ্গল। আর ২০১৫ সালে সেই ইউনাইটেডের কাছে হেরেই রানার্স খেতাব অর্জন করেছিল লাল-হলুদ শিবির। এবার মোহনবাগানকে হারিয়ে শিল্ড ঘরে তোলার লক্ষ্যে লাল-হলুদ কোচের ভরসা সুরঞ্জিত, গোমুখ সিং এবং ঝন্টু প্রসাদ। এখন দেখার ৬ বছর পর ফের শিল্ডে ইস্টবেঙ্গল - মোহনবাগানকে হারিয়ে ট্রফি ঘরে তুলতে পারি কি না।

লাল-হলুদের বিরুদ্ধে মোহনবাগানের ভরসা সৌরভ দাস, শুভ দাস

স্টাফ রিপোর্টার: বৃহস্পতিবার লক্ষ্মীবারে আইএফএ শিল্ড জয়ের লক্ষ্যে নামছে ১২৯ বছরের শতাব্দী প্রাচীন ক্লাব মোহনবাগান। প্রতিপক্ষ ইস্টবেঙ্গল। শেষবার শিল্ড ফাইনালে দুই প্রধান মুখোমুখি হয়েছিল ২০০৩ সালে অর্থাৎ ঠিক ১৫ বছর আগে। এরপর ৫ বার ফাইনালে উঠলেও একবারও খেতাব জয় অর্জন করতে পারেনি গঙ্গাপারের ক্লাবটি। এমনকি গত বছর ফাইনালে উঠলেও পুনে সিটি এফসির কাছে হেরে খেতাব ঘরে তুলতে পারেনি জো পল আনচেরির দল মোহনবাগান। তবে তা ভুলে এবার চিরশত্রু ইস্টবেঙ্গলকে হারিয়েই ট্রফি জয় লক্ষ্য বাগান কোচের। গ্রুপ লিগের ম্যাচে ভাল পারফর্ম করলেও ফাইনালে ওঠার লড়াইয়ে মোহনবাগান কোনওরকমে বার্নপুর সেইল অ্যাকাডেমিকে ২-১ গোলে হারিয়ে শিল্ডের ফাইনালে খেলার ছাড়পত্র সংগ্রহ করে। এবার ফাইনালে ইস্টবেঙ্গল বধে বাগান কোচ আনচারি তাকিয়ে আছেন সৌরভ দাস, শুভ দাস, আসিফ আলি মোল্লার দিকে। এখন দেখার খরা কাটিয়ে ১৫ বছর পর পালতোলা নৌকায় শুভরা শিল্ড তুলতে পারেন কি না।

প্রস্তুতি ম্যাচে জয় পেল সুভাষ ভৌমিকের দল

স্টাফ রিপোর্টার: গত আট বছর আই লিগে চ্যাম্পিয়ন হতে না পারলেও কলকাতা লিগে চ্যাম্পিয়ন খেতাব অর্জন করেছে ইস্টবেঙ্গল। এবার টানা ন'বার লিগ খেতাব জয়ের অনুশীলনে ব্যস্ত লাল-হলুদ শিবির। কলকাতা লিগে নামার আগে আপাতত প্রস্তুতি ম্যাচ খেলতে ব্যস্ত সুভাষ ভৌমিকের দল ইস্টবেঙ্গল। বুধবার নিজেদের মাঠে ইস্টবেঙ্গল প্রস্তুতি ম্যাচ খেলল এফসিআইয়ের বিরুদ্ধে। এবারই সুপার ডিভিশনে খেলার যোগ্যতা অর্জন করেছে এফসিআই। সুপারে খেলার যোগ্যতা অর্জন করা এফসিআইয়ের বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচে ইস্টবেঙ্গল জয় পেল ২-০ গোলে। সুযোগ কাজে লাগাতে পারলে আরও বড় ব্যবধানে জয় পেতে পারত লাল-হলুদ শিবির। ইস্টবেঙ্গলের হয়ে গোল দুটি করেন কিংশুক দেবনাথ এবং বালি গগনদীপ। এফসিআইয়ের বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচে জয় পাওয়ায় খুশি লাল-হলুদ টিডি সুভাষ ভৌমিক।

তৃতীয় প্রস্তুতি ম্যাচেও জয় পেল সবুজ-মেরুন শিবির

স্টাফ রিপোর্টার: কাস্টমসের চেক পোস্ট অনায়াসে টপকে প্রস্তুতি ম্যাচে জয়ের ধারা বজায় রাখল মোহনবাগান। আগের দুটি ম্যাচের মতো তৃতীয় ম্যাচেও বড় ব্যবধানে জয় পেল সবুজ-মেরুন ব্রিগিড। কলকাতা লিগের আগে তৃতীয় প্রস্তুতি ম্যাচে শঙ্করলাল চক্রবর্তীর ফুটবলাররা ৭-০ গোলে হারাল কাস্টমসকে। সারা ম্যাচে বাগান ফুটবলারদের চেক পোস্টে আটকাতে পারলেন না কাস্টমস ফুটবলাররা। ফলে প্রস্তুতি ম্যাচে সাত গোল হজম করে বড় রকমের লজ্জা নিয়ে মাঠ ছাড়লেন কাস্টমস ফুটবলাররা। মোহনবাগানের হয়ে জোড়া গোল করলেন পিন্টু মাহাতো। বাকি গোলগুলি করেন দেবজিৎ বাগুই, সৌরভ দাস, হেনরি, বসন্ত সিং এবং আজহারউদ্দিন মল্লিক। গত মরশুমে গোয়া এফসি'র হয়ে দুরন্ত ফুটবল খেলার পর বাগান কর্তারা সই করিয়েছেন বিদেশি ফুটবলার হেনরিকে। তাঁকে সই করিয়ে যে বাগান কর্তারা ভুল করেনি সেই আবার প্রমাণ করে দিল। আগের দুই ম্যাচের মতো তৃতীয় ম্যাচেও গোল করলেন হেনরি।

বাদ পড়লেন ভুবি-ঋদ্ধি, দলে নতুন মুখ ঋষভ পন্থ

লিডস, ১৮ জুলাই: টি-২০ সিরিজ জিতলেও ওয়ান ডে সিরিজে ভারতকে হারতে হয়েছে ইংল্যান্ডের বিরুদ্ধে। এবার সামনে কঠিন টেস্ট সিরিজ। বুধবার পাঁচ ম্যাচের টেস্ট সিরিজের প্রথম তিন ম্যাচের জন্য দল ঘোষণা করে দিল বিসিসিআই। সেখানেই জায়গা করে নিলেন ঋষভ পন্থ ও কুলদীপ যাদব। চোটের জন্য ইংল্যান্ডের বিরুদ্ধে টি-২০ ও একদিনের সিরিজে দলে থাকলেও তিনটি টেস্টের দলে জায়গা হল না পেসার ভুবনেশ্বর কুমার ও উইকেটকিপার ঋদ্ধিমান সাহার। দীনেশ কার্তিকের সঙ্গে ব্যাক-আপ হিসাবে টেস্ট দলে এলেন পন্থ। চোটের জন্য ওয়ান ডে সিরিজ থেকে ছিটকে গেলেও টেস্টে ফিরলেন যশপ্রীত বুমরাহ। কাম ব্যাক করলেন মহম্মদ শামিও। আঙুলে চোট পাওয়া ঋদ্ধিমান সাহা আফগানিস্তানের বিরুদ্ধে এক ম্যাচের টেস্ট সিরিজে জাতীয় দলে নির্বাচিত হয়েছিলেন। পরে তাঁর পরিবর্তে দলে আসেন দীনেশ কার্তিক। তাই ইংল্যান্ড টেস্টের জন্য তাঁকেই দলে রেখে দেওয়ার সিদ্ধান্ত নেন নির্বাচকরা। টি-২০ ও একদিনের সিরিজে দুটি সেঞ্চুরি করলেও ১৮ জনের টেস্ট দলে জায়গা হল না রোহিত শর্মার। সীমিত ওভারের সিরিজে দুটিতে ব্রিটিশদের বিব্রত করা কুলদীপ যাদব জায়গা ধরে রাখলেন টেস্ট দলেও। হার্দিক পান্ডিয়া ছাড়া বিশেষজ্ঞ পাঁচজন পেসারের মধ্যে জায়গা পেয়েছেন শার্দুল ঠাকুর। ইংল্যান্ডের বিরুদ্ধে তৃতীয় একদিনের ম্যাচে পিঠে চোট পেয়েছেন ভুবনেশ্বর। বিসিসিআইয়ের মেডিক্যাল টিমের নজরদারিতে রয়েছেন তিনি। তাঁর ফিটনেসের উপর নির্ভর করছে টেস্ট দলে জায়গা পাওয়া।

মেডিক্যাল টিমের সবুজ সংকেত পেলে ভুবিকে টেস্ট দলে নেওয়া হবে। শীঘ্রই ভুবনেশ্বরকে নিয়ে সিদ্ধান্ত নেবেন ভারতীয় বোর্ডের নির্বাচকরা। প্রথম টেস্ট শুরুর আগে বেশ কিছুদিন সময় রয়েছে ভারতের হাতে। তার আগে ম্যাচ ফিট হয়ে উঠলে ভুবনেশ্বর অবধারিতভাবে দলে ঢুকে পড়বেন। তাহলে প্রথম তিনটি টেস্টের স্কোয়াডে ক্রিকেটার সংখ্যা দাঁড়াবে ১৯ জন। আঙুলের চোট সারিয়ে ওঠায় বুমরাহকে টেস্ট দলে রাখা হলেও প্রথম টেস্ট খেলতে পারবেন না তিনি। ফিটনেস নিয়ে সমস্যা না হলে দ্বিতীয় টেস্ট থেকে প্রথম একাদশে তাঁর নাম থাকতে পারে। ১ আগস্ট থেকে এজবাস্টনে ইংল্যান্ডের বিরুদ্ধে প্রথম টেস্ট খেলতে নামবে ভারত। ৯ আগস্ট থেকে লর্ডসে খেলা হবে দ্বিতীয় টেস্ট। ১৮ আগস্ট থেকে ট্রেন্টব্রিজে অনুষ্ঠিত হবে সিরিজের তৃতীয় টেস্ট। পরবর্তী দুটি টেস্টের দল ঘোষিত হবে তিনটি টেস্টের দলের পারফরম্যান্সের উপর ভিত্তি করে। সম্ভবত তৃতীয় ম্যাচ চলাকালীন জাতীয় নির্বাচকরা চতুর্থ ও পঞ্চম টেস্টের দল গড়ে নিতে পারেন। সেখানে দলে নতুন কিছু মুখও দেখা যেতে পারে। তিনটি টেস্টের জন্য নির্বাচিত ১৮ জনের দল :

বিরাট কোহলি (অধিনায়ক), অজিঙ্কা রাহানে (সহ-অধিনায়ক), শিখর ধাওয়ান, মুরলি বিজয়, লোকেশ রাহুল, চেতেশ্বর পূজারা, করুণ নায়ার, দীনেশ কার্তিক, ঋষভ পন্থ, রবিচন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাদেজা, কুলদীপ যাদব, হার্দিক পান্ডিয়া, ইশান্ত শর্মা, মহম্মদ শামি, উমেশ যাদব, যশপ্রীত বুমরাহ ও শার্দুল ঠাকুর।

নেলসন ম্যান্ডেলার ১০০ তম জন্মবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা জানাচ্ছেন দক্ষিণ আফ্রিকার দুই খেলোয়াড় ফাফ ডু'প্লেসিস ও ডিন এলগার।

দেশের জার্সিতে প্রথম উইকেট শচীন পুত্রের

স্টাফ রিপোর্টার: ভারতী দলের জার্সিতে প্রথম শিকার করলেন অর্জুন তেন্ডুলকর। অনূর্ধ্ব-১৯ভারতীয় দলের হয়ে প্রথম আন্তর্জাতিক উইকেট পেলেন শচীনপুত্র। কলম্বোয় শ্রীলঙ্কার বিরুদ্ধে উদ্বোধনী টেস্ট ম্যাচে ভারতীয় দলের হয়ে প্রথম উইকেট পেলেন অর্জুন। কলম্বোর ননদেস্ক্রিপ্টস ক্রিকেট ক্লাব গ্রাউন্ডে শ্রীলঙ্কার কামিল মিশ্রাকে এলবিডব্লুউ করেন দেশের হয়ে উইকেট শিকারের খাতা খোলেন বাঁ-হাতি পেসার। ১১ ওভার হাত ঘুরিয়ে ৩৩রান খরচ করে মাত্র একটি উইকেটই পান অর্জুন।

একদিনের ম্যাচে জিম্বাবোয়ের বিরুদ্ধে জয় পেল পাকিস্তান

বুলাওয়ে, ১৮ জুলাই: প্রথম একদিনের ম্যাচে জয় পাকিস্তানের। জিম্বাবোয়ের বিরুদ্ধে ৯ উইকেটে জয় পেল তারা। প্রথমে টসে জিতে ব্যাট করার সিদ্ধান্ত গ্রহণ করেন জিম্বাবোয়ের অধিনায়ক হ্যামিলটন মাসাকাদজা। ওপেনিংয়ে ব্যাট করতে নেমে প্রিন্স ও চিমু উইকেটে একদমই থিতু হতে পারেননি। প্রিন্স ৭ বলে ১ এবং চিমু ২৮ বলে ১৬ রান করে প্যাভিলিয়নে ফেরেন। অধিনায়ক মাসাকাদজা তিন নম্বরে ব্যাট করতে নেমে ২০ বলে ১০ রান করেন। ওছাড়া সবাই ব্যাট হাতে ব্যর্থ। মুসাকান্দা (০), পিটার মোর (১), রায়ান মুরাই (৮), একসময়ের জিম্বাবোয়ের ব্যাটিংয়ের ভরসা চিগুম্বুরা (৯), চিসোরো (০), ওয়েলিংটন মাসাকাদজা (১০*), মুজারাবানি (৪), নাগারাভা (১) ব্যাট হাতে উইকেটে দাঁড়াতেই পারেননি। পাকিস্তানের হয়ে ফাহিম আশরাফ ৮.১ ওভার হাত ঘুরিয়ে ৫টি উইকেট নেন। এছাড়া জুনেদ খান ২টি এবং উসমান খান, ইয়াসির শাহ, সাদাব খান ১টি করে উইকেট পেয়েছেন। জিম্বাবোয়ে নির্ধারিত ৫০ ওভার ব্যাট করতেই পারেনি। মাত্র ২৫.১ ওভার ব্যাট করে ৬৭ রান করেন জিম্বাবোয়ে। জবাবে ব্যাট করতে নেমে পাকিস্তান মাত্র ১টি হারিয়েই জয়ের প্রয়োজনীয় রান তুলে নেয়। ইমাম-উল-হক প্রথম বলেই আউট হয়ে প্যাভিলিয়নে ফেরেন। তিন নম্বরে ব্যাট করতে নামা বাবর আজমকে (১৯*) সঙ্গে নিয়ে জয়ের রান তুলে নেন ফাকার জামান (৪৩*)। দুজনেই অপরাজিত থাকেন। দলের হয়ে একমাত্র উইকেটটি নেন মুজারাবা। ম্যাচের সেরা হয়েছে ফাহিম আশরাফ।

বিশ্বকাপের আগে একদিনের দলে ভারসাম্য খুঁজতে হবে : কোহলি

লিডস, ১৮ জুলাই: আগামী বছর বিশ্বকাপের আগে ভারতের একদিনের দলে ভারসাম্য খুঁজতে হবে এবং সবকিছু ঠিক করতে হবে। এমনই মন্তব্য করলেন বিরাট কোহলি। ইংল্যান্ডের বিরুদ্ধে একদিনের সিরিজে প্রথম ম্যাচ জিতলেও, দ্বিতীয় ও তৃতীয় ম্যাচে হেরে সিরিজ খোয়ানোর পর ভারতীয় দলের অধিনায়ক বলেছেন, এই ধরনের খেলার মাধ্যমে আমরা বুঝতে পারছি বিশ্বকাপের আগে কোথায় উন্নতি করতে হবে। আমাদের দলে ভারসাম্য আনতে হবে। বিশ্বকাপের আগে দলের সব সমস্যা মিটিয়ে নিতে হবে। কোনও একটি বিভাগের উপর আমরা নির্ভর করে থাকতে পারি না। সব বিভাগেই ভাল পারফরম্যান্স দেখাতে হবে। ইংল্যান্ডের বিরুদ্ধে এই সিরিজের দ্বিতীয় ম্যাচের মতোই তৃতীয় ম্যাচেও মিডল অর্ডারের ব্যর্থতার জন্যই হারতে হয়েছে ভারতীয় দলকে। শেষ ২০ ওভারে হাতে ৬ উইকেট থাকা সত্ত্বেও মহেন্দ্র সিং ধোনিরা মাত্র ১০০ রান করেন। এ বিষয়ে বিরাট বলেছেন, আমাদের যত রান করা উচিত ছিল, সেটা করতে পারিনি। আরও ২০-২৫ রান করা দরকার ছিল। ইংল্যান্ড সব বিভাগেই ভাল পারফরম্যান্স দেখিয়েছে। ওদের জয় প্রাপ্য ছিল। ইংল্যান্ডের মতো দলের বিরুদ্ধে জয় পেতে হলে আমাদের সেরা খেলা দেখাতে হবে। এই ম্যাচে পিচ প্রথম থেকেই মন্থর ছিল। এর আগে এই ধরনের পিচ দেখিনি। পিনাররা ভাল বল করেছে।

জুভেন্তাসে যোগ দেওয়ার পরেই অর্ধেক টাকা ফিরিয়ে দিলেন রোনাল্ডো

তুরিন, ১৮ জুলাই: মাত্র ২৪ ঘন্টাই হয়েছে ইতালির তুরিনে পা রেখেছেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। আর এরই মধ্যে ৪২০ কোটি টাকা আয় করে ফেলল ইতালির এক নম্বর ক্লাব জুভেন্তাস। সূত্রের খবর, ইতিমধ্যেই নাকি রোনাল্ডোর কমপক্ষে ৫ লক্ষ ২০ হাজার জার্সি বিক্রি হয়েছে জুভেন্তাসে। জার্মান সংস্থা অ্যাডিডাস, যারা আদতে জুভেন্তাসের সরকারি ইনভেস্টর সংস্থা। কেবলতারাই প্রতি ঘন্টায় বিক্রি করেছে প্রায় কুড়ি হাজার জার্সি। আর এর সবগুলোই বিক্রি হয়েছে ক্রীড়া সরঞ্জাম প্রস্তুতকারক এই সংস্থাটির স্টোর থেকে। মাঠের বাইরেও যে একইরকম ক্যারিশ্মাটিক রোনাল্ডো, তারই প্রমাণ মিলল বলেই দাবি পৃথিবী জুড়ে তাঁর অগণিত ভক্ত সমর্থকদের। ২০১৬-এ মোট সাড়ে ৮ লক্ষ জার্সি বিক্রি করেছিল ইতালির এই ক্লাবটি। আর ১২০ বছরের পুরনো ইতালিয় এই ক্লাবটিযে এবার সেই রেকর্ডও ছাপিয়ে গিয়ে অবিশ্বাস্য কিছু করবে এমনটাই অনুমান করেছিলেন ক্লাবের কর্মকর্তারা নিজেরাই। প্রসঙ্গত, জুভেন্তাসের একটি জার্সির দাম প্রায় ১০৪ ইউরো। ভারতীয় মুদ্রায় প্রায় ৮ হাজার টাকারও বেশি। আর রেপ্লিকা হলে তাঁর দাম হয় ৪৫ ইউরো অর্থাৎ সাড়ে তিন হাজার টাকা। কিন্তু তৎকালিন এই রিয়াল তারকার জুভেন্তাসে আসার খবর পাওয়া হওয়ার সঙ্গে সঙ্গেই আসল এবং রেপ্লিকা মিলিয়ে প্রায় ৫ লক্ষ ৪০ হাজার ইউরো আয় করেছে তুরিনের এই ক্লাবটি।

জ্যাভলিনে লক্ষ্যভেদ, ফ্রান্সে সোনা জিতলেন ভারতীয় নীরজ

ফ্রান্স, ১৮ জুলাই: সটোভিল অ্যাথলেটিক্স মিটে এবার সোনাজিতে নিলেন ভারতের নীরজ চোপড়া। উত্তর ভারতের হরিয়ানা এই জ্যাভলিন থ্রোয়ার এই মিট থেকে সোনা জিতে নেন ৮৫.১৭ মিটার স্কোর করে। তবে এই কিন্তু প্রথমবার নয়, এর আগেও জ্যাভলিন থ্রো ইভেন্টে বিশ্বমঞ্চে একাধিকবার উজ্জ্বল করেছেন ভারতের মুখ। মাসকয়েক আগেই তিনি নিজের ক্যারিয়ারের সেরা ৮৬.৪৭ মিটার স্কোর করে গোল্ড কোস্ট কমনওয়েলথ গেমসে সোনা জিতেছিলেন হরিয়ানার এই কৃতী জ্যাভলিন থ্রোয়ার। মলডোভান অ্যাথলিট আঁদ্রিয়ান মারদারে এবং লিথুয়ানিয়ান অ্যাথলিট এডিস মাথুসেভিসুকে পরাজিত করে সোনা জিতে নেন নীরজ। আর তাঁর থেকে প্রায় চার পয়েন্ট পিছিয়ে থেকে ৮১.৪৮ মিটার স্কোর করে রুপো জিতে নেন মারদারে। আর তাঁর থেকে প্রায় চার পয়েন্ট পিছিয়ে থেকে ৮১.৪৮ মিটার স্কোর করে রুপো জিতে নেন মারদারে। পাশাপাশি ৭৯.৩১ মিটার স্কোরের সঙ্গে ব্রোঞ্জ পদকটি জেতেন মাথুসেভিসুস। তবে অঘটন কিন্তু ঘটে যায় ২০১২-র অলিম্পিক চ্যাম্পিয়ন ওয়ালকটের ক্ষেত্রে। সর্বোচ্চ ৭৮.২৬ মিটার ছুঁড়ে পঞ্চম স্থানে শেষ করেন ইভেন্টটি। প্রসঙ্গত, দোহা ডায়মন্ড লিগে জাতীয় রেকর্ড চূর্ণ করে ৮৭.৪৩ মিটার স্কোর করেছিলেন নীরজ। যদিও এই স্কোরেও সেই ইভেন্টে কোনও পদকই জিততে পারেননি তিনি।

প্রকাশক এবং মুদ্রক টি দুর্গা রাও, স্বত্বাধিকারী : আশিষলাহা, ৯৭/২, এম জি রোড, মিডিল পয়েন্ট, পোর্ট ব্লেয়ার-৭৪৪১০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ডলিগঞ্জ, পোর্ট ব্লেয়ার-৭৪৪১০৩ থেকে মুদ্রিত, সম্পাদক : আশিষলাহা*(পিআরবি আইন অনুযায়ী প্রকাশিত সমস্ত সংবাদের জন্য দায়বদ্ধ)।
Printed and published by T Durga Rao, owned by Asish Laha and published from 97/2, M. G. Road, Middle Point, Port Blair-744 101 & printed at Echo Printing Press, Dollygunj, Port Blair-744 103. Editor : Asish Laha*(*responsible for selection of news under the PRB Act).